দৈনিক খবর

তারিখ 04 FEB 1999
পৃষ্ঠা ২ কলাম ৭

# পাঠাগার আন্দোলনকে বিস্তৃত করুন

## —রাষ্ট্রপতি

বাসস জানায় : রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস দেশে পাঠাগার আন্দোলন বিস্তারের মাধ্যমে জ্ঞান অর্জনের জন্যে পাঠ অভ্যাস বৃদ্ধির প্রয়োজনীয়তার প্রতি গুরুত্বারোপ করেছেন।

তিনি বলেন, একজন ব্যক্তির জ্ঞানের পরিধি বিকাশের জন্যে মূল্যবান বই-পুস্তক পড়ার মাধ্যমে জ্ঞান অর্জনে বয়স কোন বাধা নয়।

'জ্ঞানার্জন পাঠাগার'-এর ১৫ সদস্যের একটি প্রতিনিধি দল গতকাল বুধবার সকালে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎকালে তিনি একথা বলেন। পাঠাগারের সভাপতি এ এফ এম সালাহউদ্দিন প্রতিনিধি দলের নেতৃত্ব দেন।

রাষ্ট্রপতি বলেন, জীবনের নানা দিক নিয়ে রচিত বই-পুস্তক পড়ে দক্ষতা ও জ্ঞানার্জনের মাধ্যমে দেশ অধিক সমৃদ্ধি লাভ করতে পারে।

তিনি যুব সমাজের প্রতি পাঠাগার আন্দোলনকে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে সুসংগঠিতভাবে এগিয়ে এসে তাদের মূল্যবান সময় ব্যয় করার আহবান জানান।

প্রতিনিধি দল তাদের কর্মকান্ড ও সমস্যাদি রাষ্ট্রপতিকে অবহিত করেন। রাষ্ট্রপতি তাদের সমস্যার খোঁজ-খবর নেয়ার আশ্বাস দেন।